কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (UNDER CCF) অনুসারে স্নাতক স্তরে EDUCATION, 5TH SEMESTER (MAJOR, MDC & MINOR) কোর্সের জন্য

**Under CCF**

**NEW Syllabus**

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ গাইড

# Inclusion in Education

**Semester - 5 (Major, MDC & Minor)**


দেবকুমার হালদার

সুপর্না হালদার






Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম
(Under CCF) অনুসারে স্নাতক স্তরে
Education, 5$^{TH}$ Semester
(Major, MDC & Minor) কোর্সের জন্য

Under CCF

NEW Syllabus

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ

## গাইড

# Inclusion in Education

**Semester - 5 (Major, MDC & Minor)**


দেবকুমার হালদার

B.A Education (Hons.), M.A. in Education,
B.Ed., M.Phil in Education (University of Calcutta)
State Aided College Teacher (DCH College)

সুপর্ণা হালদার

B.A Education (Hons.), M.A. in Education
(University of Calcutta)



Edubitan

ডিজিটাল
সংস্করণ
(eBook)

# Sikshaya Antorvuktikoron Guide
# (শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ গাইড)

✦ ISBN - 978-93-5619-013-9

© by Author

লেখক ও সম্পাদকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি বা পুনরুৎপাদন করা যাবে না। এই বইটির পিডিএফ কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে দিতে পারবেন না বা শেয়ার করতে পারবেন না এবং বইটির ক্রেতার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

✪ গ্রন্থস্বত্ব - লেখক




✤ প্রথম প্রকাশ –
ডিসেম্বর, ২০২৫

মূল্য ₹ 60.00
(ষাট টাকা মাত্র)

# ভূমিকা –

বর্তমানে জাতীয় শিক্ষানীতি 2020 (NEP 2020) অনুসারে শিক্ষাব্যবস্থায় আমূল পরিবর্তন সূচিত হয়েছে। এর ভিত্তিতে 2023-2024 শিক্ষাবর্ষ থেকে স্নাতক (UG) স্তরের পাঠক্রম নতুনভাবে সুসজ্জিত হয়েছে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাহিদার দিকটি বিবেচনা করে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (Under CCF) অনুসারে স্নাতক স্তরে Inclusion in Education -এর 5th Semester (Major, MDC & Minor) কোর্সের জন্য অন্তর্ভুক্ত **"শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ গাইড"** নামক পুস্তকটি রচনা করেছি।

শিক্ষার্থীদের গ্রহণযোগ্যতা ও সামর্থ্যের উপর গুরুত্ব আরোপ করে নতুন প্রশ্নরীতি অনুসারে পুস্তকটিতে সহজ সরল ভাষায় প্রতিটি অধ্যায় সুবিন্যস্ত ও সুসংবদ্ধভাবে বিভিন্ন প্রশ্ন ও উত্তর আলোচনা করা হয়েছে। আমরা আশাবাদী যে, এই পুস্তকটি সকল শিক্ষার্থী, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও পাঠকগণের কাছে বিষয়বস্তু অনুধাবনে সহজবদ্ধ হবে।

শিক্ষাক্ষেত্রে একাধিক শিক্ষানুরাগী ব্যক্তি, সম্মানীয় অধ্যাপক, সহকর্মী ও অন্যান্য শুভানুধ্যায়ী ব্যক্তিগণ এই পুস্তকটি রচনার ক্ষেত্রে সবসময় উৎসাহ দান ও অনুপ্রেরণা দিয়েছেন তাঁদেরকে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সবশেষে আমাদের সেই প্রিয় ছাত্রছাত্রী, যাদের উদ্দেশ্যে এই আন্তরিক ও সৎ প্রচেষ্টা, তারা যদি এই বই থেকে কোনোরকম উপকৃত হয়, তাহলেই আমাদের লেখনী সার্থক হয়েছে বলে মনে করব। বইটির আরও শ্রীবৃদ্ধি ঘটানোর জন্য সকলের সুচিন্তিত ও গঠনমূলক মতামত আমাদের কাছে সাদরে গ্রহণযোগ্য।

Edubitan

ধন্যবাদান্তে

ডিসেম্বর, ২০২৫

দেবকুমার হালদার
সুপর্ণা হালদার

✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻ Official Website – store.edubitan.com ✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

সেমিস্টার – 5th

নতুন সিলেবাস (Under CCF)

## Inclusion in Education

**Unit: 1 = Introduction to Inclusive Education**

- Concept and meaning of inclusion
- Principles of inclusive education
- Importance of inclusive education in today's society

**Unit: 2 = Strategies of Inclusive Learning for Differently Abled and Disadvantaged Children**

- Differently abled children- Visual, Auditory, Learning Disability
- Disadvantaged children: SC, ST, OBC and EWS
- Use of teaching-learning materials and Classroom management for diverse learners

Edubitan

**Unit: 3 = Building Inclusive School Environment and Challenges in Inclusive Education**

- Characteristics of an inclusive school
- Role of teachers, students and parents
- Barriers to inclusive education (Social, Infrastructural, Attitudinal)

Official Website – store.edubitan.com

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

সেমিস্টার – 5th

নতুন সিলেবাস (Under CCF)

## শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ

**ইউনিট: ১ = অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পরিচিতি**

- অন্তর্ভুক্তির ধারণা ও অর্থ
- অন্তর্ভুক্তিমূলক শিক্ষার নীতিসমূহ
- আজকের সমাজে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার গুরুত্ব

**ইউনিট: ২ = ভিন্নভাবে সক্ষম ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য অন্তর্ভুক্তিমূলক শিক্ষার কৌশল**

- ভিন্নভাবে সক্ষম শিশু - দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, শিখন অক্ষমতা
- সুবিধাবঞ্চিত শিশু - তফসিলি জাতি, তফসিলি উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণি এবং অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণি
- বিচিত্রধর্মী শিক্ষার্থী শিক্ষার্থীর জন্য শিক্ষণ-শিখন উপকরণ ব্যবহার এবং শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা

Edubitan

**ইউনিট: ৩ = অন্তর্ভুক্তিমূলক বিদ্যালয়ের পরিবেশ তৈরি এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষার চ্যালেঞ্জসমূহ**

- একটি অন্তর্ভুক্তিমূলক বিদ্যালয়ের বৈশিষ্ট্য
- শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের ভূমিকা
- অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রতিবন্ধকতা (সামাজিক, পরিকাঠামোগত, মানসিক)

Official Website – store.edubitan.com

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

Course – Inclusion in Education

সেমিস্টার – 5th

## পরীক্ষার প্রশ্নপত্রের মার্কস বিন্যাস

| সর্বমোট – 75 নম্বর লিখিত | |
|---|---|
| 4 টি রচনাধর্মী প্রশ্ন থাকবে - 3 টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 10 |
| 6 টি সংক্ষিপ্তধর্মী প্রশ্ন থাকবে- যে-কেনো 5 টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 5 |
| 10 টি অতি-সংক্ষিপ্তধর্মী প্রশ্ন থাকবে - 10 টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 2 |

**Note - ১০ নম্বরের বড় প্রশ্নের মধ্যে বিভিন্ন ধরণের প্রশ্ন থাকতে পারে।

যেমন – ২+৮ = ১০ অথবা, ৪+৬ = ১০ অথবা, ৫+৫ = ১০

# সূ চি প ত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| 1. রচনাধর্মী প্রশ্ন (প্রতিটি প্রশ্নের মান – ১০) | 6-19 |
| 2. সংক্ষিপ্তধর্মী প্রশ্ন (প্রতিটি প্রশ্নের মান – ৬) | 20-42 |
| 3. অতি-সংক্ষিপ্তধর্মীধর্মী (প্রতিটি প্রশ্নের মান – ২) | 43-51 |
| সাজেশন (Suggestion) | 52-55 |


Edubitan

# প্রতিটি প্রশ্নের মান – ১০

Edubitan

✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻ Official Website – store.edubitan.com ✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ (Inclusion in Education)

রচনাধর্মী প্রশ্নোত্তর - প্রতিটি প্রশ্নের মান – ১০

---

**প্রশ্ন – অন্তর্ভুক্তি বলতে কী বোঝায়? অন্তর্ভুক্তিমূলক শিক্ষার মূল নীতিগুলি আলোচনা করো।** (Discuss the Principles of inclusive education.)

---

✪ উত্তর – ⊷ অন্তর্ভুক্তি (Inclusion) - ন্তর্ভুক্তিকরণ শব্দটি প্রথম ব্যবহৃত হয় 1990 সালে ফ্রান্সে। অন্তর্ভুক্তি শব্দটির অর্থ হল সমাজের সকল শ্রেণীর জনগণ বা ব্যক্তিবর্গকে একসঙ্গে নিয়ে কাজ করা, যাতে সমাজের সকল শ্রেণীর মানুষ বা জাতি, বর্ণ, ধর্ম নির্বিশেষে সকলে উপকৃত হয় ও একটি সুন্দর সমাজ ব্যবস্থা গড়ে ওঠে।

অন্তর্ভুক্তি হল - "সবার জন্য শিখন ও অংশগ্রহণকে নিশ্চিত করা"। অর্থাৎ ব্যক্তিভেদে ভিন্নতাকে গুরুত্ব দিয়ে সকল শিক্ষার্থীর শেখার সুযোগ ও অংশগ্রহণ নিশ্চিত করাই অন্তর্ভুক্তি। এতে কোনো শিশু বা ব্যক্তি তার শারীরিক-মানসিক অবস্থা, লিঙ্গ, ভাষা, ধর্ম, আর্থসামাজিক অবস্থা বা শেখার ভিন্নতার কারণে পিছিয়ে থাকে না।

⊷ অন্তর্ভুক্তিমূলক শিক্ষার মূল নীতি (Principles of Inclusive Education) - অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ক্ষেত্রে সব ধরনের শিশুদেরকে শিক্ষার অন্তর্ভুক্তি করার উপর গুরুত্ব আরোপিত হয়। অর্থাৎ অন্তর্ভুক্তিমূলক শিক্ষা সকলের জন্য শিক্ষা ব্যবস্থাকে সুনিশ্চিত করে। তাই অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বর্তমানে বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছে। কিন্তু প্রথাগত শিক্ষাক্ষেত্রে সমাজের সর্বস্তরের শিক্ষার্থীদের শিক্ষার মূল স্রোতে ফিরিয়ে আনা সম্ভব হয়নি। ফলে আধুনিক শিক্ষা ক্ষেত্রে প্রথাগত শিক্ষা অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রচেষ্টাকে গ্রহণ করা হয়। অন্তর্ভুক্তিমূলক শিক্ষার বাস্তবায়নের ক্ষেত্রে কতগুলি মৌলিক নীতির প্রতি গুরুত্ব আরোপিত হয়। এই নীতিগুলি এখানে বিস্তারিতভাবে আলোচনা করা হল -

✦ **শ্রেণিকক্ষের বৈচিত্র্য** - অন্তর্ভুক্তিমূলক শিক্ষার অন্যতম নীতি হল শ্রেণীকক্ষের বৈচিত্র্য। অর্থাৎ শ্রেণিকক্ষে সাধারণ শিক্ষার্থীদের পাশাপাশি প্রতিবন্ধী বা অক্ষমতা শিশু থেকে থাকে। অর্থাৎ ক্লাসরুমে সব ধরনের শিক্ষার্থীদের নিয়ে শ্রেণীকক্ষের বৈচিত্র্য পরিলক্ষিত হয়।

✦ **ছাত্র বৈচিত্র্য** - শ্রেণিকক্ষের বৈচিত্রের মতোই অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ক্ষেত্রে ছাত্র বৈচিত্র্য একটি গুরুত্বপূর্ণ দিক। কারণ শ্রেণিকক্ষের প্রতিটি শিক্ষার্থীর কো্নো না কোনো দিকে বিশেষ চাহিদা থাকে। অর্থাৎ শিক্ষাগত পারদর্শিতার দিক থেকে সমস্ত শিশুর একই ধরনের হয়। কারণ এক্ষেত্রে শিক্ষার্থীদের শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতা থাকতে পারে। অন্তর্ভুক্তি মূলক শিক্ষার ক্ষেত্রে ছাত্র বৈচিত্র্য একটি উল্লেখযোগ্য দিক।

✦ **শিক্ষায় সমসুযোগ** - অন্তর্ভুক্তিমূলক শিক্ষার অন্যতম নীতি হল শিক্ষায় সমসুযোগ। অর্থাৎ সমাজের সর্বস্তরের শিক্ষার্থীদের অনুরোধ বাধা-বিগ্রহ ছাড়াই শিক্ষাক্ষেত্রে বিভিন্ন সুযোগ-সুবিধা মধ্য দিয়ে বা সমসুযোগের মধ্য দিয়ে শিক্ষার মূল স্রোতে ফিরে আনা। তাই ভেদাভেদ বা বৈষম্য ছাড়াই শিক্ষায় সমসুযোগ প্রতিষ্ঠার মধ্য দিয়ে সমাজকে এগিয়ে নিয়ে যাওয়া অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ।

✦ **শিক্ষার্থীদের মানসিক পার্থক্য দূরীকরণ** - প্রত্যেক শিক্ষার্থীদের মানসিক চাহিদা বা মনোবিজ্ঞান সম্মত চাহিদা ভিন্নধর্মীর হয়ে থাকে। তাই এই চাহিদার দিকে গুরুত্ব আরোপ করাই হল অন্তর্ভুক্তিমূলক শিক্ষার মূলনীতি। অর্থাৎ

প্রশ্ন – **শ্রবণ প্রতিবন্ধকতা কাকে বলে? শ্রবণ প্রতিবন্ধকতা শিশুদের সমস্যাগুলি লেখো।** (Write five problems of children with hearing impairment.)

✪ উত্তর – শ্রবণ মানুষের ভাষা শেখা, যোগাযোগ ও সামাজিক সম্পর্ক গড়ে তোলার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। শিশুকাল থেকেই শ্রবণশক্তির বিকাশ ভাষা ও চিন্তার বিকাশের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। যখন কোনো শিশুর শ্রবণক্ষমতা স্বাভাবিকভাবে কাজ করতে ব্যর্থ হয়, তখন তার কথা বলা, শেখা ও সামাজিক মেলামেশায় নানা সমস্যা সৃষ্টি হয়। এই অবস্থাকেই শ্রবণ প্রতিবন্ধকতা বলা হয়।

⊷ **শ্রবণ প্রতিবন্ধকতা** - শ্রবণ প্রতিবন্ধকতা হলো এমন একটি অবস্থা যেখানে কোনো শিশুর শ্রবণশক্তি আংশিক বা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে সে স্বাভাবিকভাবে শব্দ শুনে ভাষা শেখা, নির্দেশ বোঝা ও অন্যের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারে না। এই সমস্যাটি শিশুর শিক্ষা ও সামাজিক বিকাশকে প্রভাবিত করে।

Kirk and Gallagher বলেছেন - "Hearing impairment refers to a condition in which a child has a hearing loss that affects the development of speech and language." অর্থাৎ, শিশুর শ্রবণশক্তি কমে গেলে তার কথা বলা ও ভাষা বিকাশে সমস্যা দেখা দেয়—এই অবস্থাকেই শ্রবণ প্রতিবন্ধকতা বলা হয়।

Myklebust বলেছেন - "A hearing impaired child is one whose hearing loss makes it difficult to acquire speech and language through normal auditory channels." অর্থাৎ, যে শিশুর শ্রবণক্ষমতা এতটাই ক্ষতিগ্রস্ত যে স্বাভাবিকভাবে শুনে কথা ও ভাষা শেখা তার পক্ষে কঠিন হয়ে পড়ে, সে শ্রবণ প্রতিবন্ধক শিশু।

Edubitan

American Speech-Language-Hearing Association (ASHA) বলেছেন - "Hearing impairment is a loss of hearing that ranges from mild to profound and interferes with communication." অর্থাৎ, শ্রবণশক্তির হালকা থেকে তীব্র যেকোনো ধরনের ক্ষতি যা মানুষের যোগাযোগের ক্ষমতাকে ব্যাহত করে, তাকে শ্রবণ প্রতিবন্ধকতা বলা হয়।

⊷ **শ্রবণ প্রতিবন্ধকতা শিশুদের সমস্যা (Problems of Children with Hearing Impairment)** - শ্রবণ প্রতিবন্ধকতা শিশুদের সমস্যাগুলি হল -

✦ **ভাষা বিকাশে বিলম্ব** - শ্রবণ প্রতিবন্ধী শিশুরা শব্দ স্পষ্টভাবে শুনতে না পারায় স্বাভাবিকভাবে কথা বলা ও ভাষা শেখার সুযোগ পায় না। ফলে শব্দভাণ্ডার সীমিত থাকে এবং বাক্য গঠন দুর্বল হয়।

✦ **উচ্চারণ ও কথা বলার সমস্যা** - সঠিক শব্দ শুনতে না পারার কারণে শিশুর উচ্চারণ অস্পষ্ট হয়। অনেক সময় কথার স্বর, জোর ও ছন্দ ঠিকভাবে ব্যবহার করতে পারে না।

✦ **মৌখিক নির্দেশ বুঝতে অসুবিধা** - শিক্ষক বা অভিভাবকের মুখে বলা নির্দেশ পরিষ্কারভাবে না শোনার ফলে শ্রেণিকক্ষের কাজ ও দৈনন্দিন নির্দেশ পালন করতে সমস্যা হয়।

✦ **শিক্ষাগত অগ্রগতিতে বাধা** - শ্রেণিকক্ষে পাঠদান, আলোচনা ও প্রশ্নোত্তর শুনতে না পারায় পাঠ বোঝার ঘাটতি দেখা যায় এবং পড়াশোনায় পিছিয়ে পড়ে।

✦ **সামাজিক যোগাযোগের সমস্যা** - সহপাঠীদের সঙ্গে কথাবার্তা ও খেলাধুলায় অংশ নিতে না পারায় সামাজিক মেলামেশা কমে যায় এবং শিশুটি একাকীত্ব অনুভব করে।

# প্রতিটি প্রশ্নের মান – ৫

Edubitan

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ (Inclusion in Education)

**সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রতিটি প্রশ্নের মান – 5**

**প্রশ্ন – অন্তর্ভুক্তিকরণের বাধাগুলি আলোচনা করো। (Discuss the barriers in inclusion.)**

✪ উত্তর – অন্তর্ভুক্তিকরণ হল এমন একটি ধারণা যা সমাজে সকল ব্যক্তিকে সমান সুযোগ, অধিকার এবং মর্যাদা নিশ্চিত করে থাকে। অন্তর্ভুক্তিকরণের বাধা (Barriers to Inclusion) বিভিন্নভাবে পরিলক্ষিত হয়, যা ব্যক্তিগত ও সমাজের বিভিন্ন দিক থেকে আসে। অন্তর্ভুক্তিকরণের বাধা সমূহ হল -

✦ **সাংস্কৃতিক বৈষম্য** (Cultural Disparity in Education) - বিভিন্ন সংস্কৃতি, ধর্ম এবং সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান বৈষম্য অন্তর্ভুক্তিকরণের পথে অন্যতম বাধা হয়ে থাকে। শিক্ষাক্ষেত্রে ভিন্ন জাতিগোষ্ঠী বা সম্প্রদায়ের সংস্কৃতিকে যথাযথভাবে মূল্যায়ন না করলে সাংস্কৃতিক বৈষম্য সৃষ্টি হয়। এটি শিক্ষার্থীদের পরিচয়বোধ, অংশগ্রহণ ও আত্মবিশ্বাসকে বাধাগ্রস্ত করে। ফলে শিক্ষা ব্যবস্থায় সাম্য ও অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি করা কঠিন হয়।

✦ **ধারণাগত বিভ্রান্তি** (Conceptual Confusion in Learning) - বিভিন্ন সমাজে অনেক সময় ব্যক্তিদের সম্পর্কে পূর্ব ধারণা বিদ্যমান থাকে, যা ব্যক্তির অন্তর্ভুক্তিকরণকে বাধা সৃষ্টি করে। কিছু শিক্ষার্থী নতুন ধারণা বোঝার ক্ষেত্রে পূর্বের ভুল বা অসম্পূর্ণ ধারণা নিয়ে আসে। ফলে শিক্ষার গভীরতা ও গ্রহণযোগ্যতা হ্রাস পায়। এটি দূর করতে শিক্ষকের পরিস্কার ও যুক্তিনির্ভর ব্যাখ্যার প্রয়োজন হয়।

Edubitan

✦ **অর্থনৈতিক বৈষম্য** (Economic Inequality in Education) - অন্তর্ভুক্তিকরণের ক্ষেত্রে একটি অন্যতম বাধা হল অর্থনৈতিক বাধা। অর্থাৎ ধনী-দরিদ্রের মধ্যে বৈষম্য এবং অর্থনৈতিক সুযোগের অসমান বণ্টন অন্তর্ভুক্তিকরণের ক্ষেত্রে বাধাস্বরুপ। অন্যদিকে ধনী শ্রেণি সহজেই উন্নত সুযোগ পায়, যা বৈষম্য বাড়ায়। ফলে সমাজে শিক্ষাগত ও পেশাগত ব্যবধান সৃষ্টি হয়। সুতরাং অন্তর্ভুক্তিকরনের বাধা হলো অর্থনৈতিক বৈষম্য।

✦ **শিক্ষাগত বাধা** (Educational Barriers in Learning) - উপযুক্ত শিক্ষার অভাব বা শিক্ষাগত বৈষম্য অন্তর্ভুক্তিকরণকে বাধাগ্রস্ত করে তোলে। অর্থাৎ সমাজের সকল স্তরের ব্যক্তিদের মধ্যে উপযুক্ত শিক্ষার অভাবের ফলে সঠিকভাবে অন্তর্ভুক্তিকরণ সম্ভব হয় না।

✦ **প্রযুক্তিগত বৈষম্য** (Technological Gap in Education) - প্রযুক্তির অভাব বা প্রযুক্তিতে ব্যক্তিদের অসম প্রবেশাধিকারও অন্তর্ভুক্তিকরণের ক্ষেত্রে বাধা হতে পারে। শিক্ষার্থীদের মধ্যে ডিজিটাল ডিভাইস ও ইন্টারনেট অ্যাক্সেসে ব্যাপক পার্থক্য রয়েছে। ফলে অনলাইন শিক্ষা অনেকের জন্য দুষ্প্রাপ্য হয়ে পড়ে। এই প্রযুক্তিগত ব্যবধান সমতা ভিত্তিক শিক্ষার জন্য বড় চ্যালেঞ্জ।

✦ **অন্ধবিশ্বাস ও কুসংস্কার** (Superstition and Misbelief in Education) - সমাজে বসবাসকারী মানুষের নিজস্ব চিন্তাধারা এবং মনোভাব বা বিভিন্ন ধরনের অন্ধবিশ্বাস ও কুসংস্কার অন্তর্ভুক্তিকরণের প্রধান বাধা স্বরূপ। আবার অনেক সময় ধর্মীয় বা সামাজিক বিশ্বাস শিক্ষার পথে বাধা হয়ে দাঁড়ায়। তাই বিজ্ঞানভিত্তিক চিন্তাকে অস্বীকার করে অন্ধবিশ্বাসে আবদ্ধ থাকা শিক্ষাকে ব্যাহত করে। শিক্ষার মাধ্যমে সচেতনতা বৃদ্ধিই এর প্রধান প্রতিকার।

থাকে। অর্থাৎ কোনো কোনো শিক্ষার্থীর মধ্যে মৃদুমাত্রার শিখন অক্ষমতা আবার তীব্রতর মাত্রার শিখন অক্ষমতা দেখা যায়। তবে উপযুক্ত পরিচর্যা এবং বিকল্প শিক্ষাদান পদ্ধতির মাধ্যমে এই ধরনের অক্ষমতা যুক্ত শিশুদের শিক্ষাদান করা হয়ে থাকে।

---

**প্রশ্ন – শিখন অক্ষমতার পাঁচটি নির্দিষ্ট সমস্যা আলোচনা করো।** (Discuss five specific problems of learning disability.)

---

✪ **উত্তর** – শিখন অক্ষমতা এমন একটি অবস্থা যেখানে শিশুর বুদ্ধিমত্তা স্বাভাবিক বা গড়ের কাছাকাছি হলেও পড়া, লেখা, গণিত বা তথ্য প্রক্রিয়াকরণে উল্লেখযোগ্য অসুবিধা দেখা যায়। এই অক্ষমতা শিশুর শিখনগত দক্ষতা, শিক্ষাগত অগ্রগতি এবং আত্মবিশ্বাসকে প্রভাবিত করে। শিখন অক্ষমতার কিছু নির্দিষ্ট সমস্যা রয়েছে, যেগুলি বিদ্যালয় পর্যায়ে স্পষ্টভাবে লক্ষ করা যায়।

⊷ **শিখন অক্ষমতার নির্দিষ্ট সমস্যা** – শিখন অক্ষমতা যুক্ত শিশুরা শিক্ষাক্ষেত্রে নানান সমস্যার সম্মুখীন হয়ে থাকে। অর্থাৎ শিক্ষা ক্ষেত্রে তাদের পারফর্মেন্স বা পারদর্শিতা খুব ভালো পরিলক্ষিত হয় না। এখানে শিখন অক্ষমতার পাঁচটি নির্দিষ্ট সমস্যা আলোচনা করা হল -

✦ **পঠনজনিত সমস্যা** (Reading Problem / Dyslexia) – শিখন অক্ষম শিশুরা শব্দ চিনতে, উচ্চারণ করতে ও পড়া বুঝতে অসুবিধায় পড়ে। তারা অক্ষর উল্টে পড়া, শব্দ বাদ দেওয়া বা ভুল উচ্চারণ করার প্রবণতা দেখায়। এর ফলে পাঠ্যবই বোঝা ও পরীক্ষায় ভালো ফল করা কঠিন হয়ে পড়ে।

Edubitan

✦ **লেখনজনিত সমস্যা** (Writing Problem / Dysgraphia) – এই সমস্যায় শিশুরা পরিষ্কার ও সুশৃঙ্খলভাবে লিখতে পারে না। বানান ভুল, অক্ষরের আকার অসামঞ্জস্যপূর্ণ হওয়া ও বাক্য গঠনে অসুবিধা দেখা যায়। লেখার কাজ তাদের জন্য সময়সাপেক্ষ ও ক্লান্তিকর হয়ে ওঠে।

✦ **গণিতজনিত সমস্যা** (Mathematical Problem / Dyscalculia) – সংখ্যা চেনা, যোগ-বিয়োগ, গুণ-ভাগ ও গণিতের ধারণা বুঝতে এই শিশুরা সমস্যায় পড়ে। সংখ্যার ক্রম বা মান মনে রাখতে পারে না। ফলে দৈনন্দিন গণিতসংক্রান্ত কাজেও তারা অসুবিধা অনুভব করে।

✦ **মনোযোগ ও স্মৃতিজনিত সমস্যা** (Attention and Memory Problem) – শিখন অক্ষম শিশুদের মনোযোগ ধরে রাখা কঠিন হয় এবং তারা সহজেই বিভ্রান্ত হয়ে পড়ে। শেখানো বিষয় দীর্ঘ সময় মনে রাখতে পারে না। এর ফলে পূর্বে শেখা জ্ঞান নতুন শিখনের সঙ্গে সংযুক্ত করতে ব্যর্থ হয়।

✦ **সংগঠন ও সময় ব্যবস্থাপনার সমস্যা** (Organizational Problem) – এই শিশুরা কাজ পরিকল্পনা করা, সময়মতো কাজ শেষ করা ও বই-খাতা গোছানোতে অসুবিধা অনুভব করে। নির্দেশ অনুসরণে তারা প্রায়ই গুলিয়ে ফেলে। এর ফলে বিদ্যালয়ের কাজ ও বাড়ির কাজ উভয় ক্ষেত্রেই সমস্যা দেখা দেয়।

পরিশেষে বলা যায়, শিখন অক্ষমতার নির্দিষ্ট সমস্যাগুলি শিশুর শিক্ষাগত অগ্রগতিকে বাধাগ্রস্ত করলেও এগুলি কোনোভাবেই শিশুর বুদ্ধিমত্তার ঘাটতি নির্দেশ করে না। সঠিক সময়ে সমস্যা চিহ্নিত করে উপযুক্ত শিক্ষণ কৌশল,

# প্রতিটি প্রশ্নের মান – ২

Edubitan

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ (Inclusion in Education)

অতি-সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর - প্রতিটি প্রশ্নের মান - ২

**প্রশ্ন – অন্তর্ভুক্তি কাকে বলে? (What is inclusion?)**

✪ উত্তর – অন্তর্ভুক্তি বলতে সমাজের সব মানুষের অংশগ্রহণ ও সমান সুযোগ নিশ্চিত করাকে বোঝায়। Booth and Ainscow (2002) এর মতে, "Inclusion is the process of increasing the participation of all learners in schools and communities." অর্থাৎ, কোনো ভেদাভেদ ছাড়াই সবাইকে মূল ধারায় যুক্ত করাই অন্তর্ভুক্তি।

**প্রশ্ন – অন্তর্ভুক্তির দুটি প্রধান বৈশিষ্ট্য লেখো। (Write two main characteristics of inclusion.)**

✪ উত্তর – অন্তর্ভুক্তির দুটি প্রধান বৈশিষ্ট্য হল –

- অন্তর্ভুক্তি বৈচিত্র্যকে স্বীকৃতি দেয় এবং সবাইকে গ্রহণ করে।
- এতে সমান সুযোগ ও অংশগ্রহণের ওপর জোর দেওয়া হয়, যাতে কেউ বঞ্চিত না হয়।

Edubitan

**প্রশ্ন – শিক্ষাক্ষেত্রে অন্তর্ভুক্তির অর্থ কী? (What is the meaning of inclusion in education?)**

✪ উত্তর – শিক্ষাক্ষেত্রে অন্তর্ভুক্তি বলতে সব ধরনের শিক্ষার্থীকে একই শিক্ষাব্যবস্থার আওতায় আনার প্রক্রিয়াকে বোঝায়। এতে শারীরিক, মানসিক বা সামাজিক পার্থক্য নির্বিশেষে সবাই শেখার সুযোগ পায়।

**প্রশ্ন – অন্তর্ভুক্তিমূলক শিক্ষা কাকে বলে? (What is meant by Inclusive Education?)**

✪ উত্তর – UNESCO (2005) এর মতে, "Inclusive education is a process of addressing and responding to the diversity of needs of all learners." অর্থাৎ, যেখানে সব শিক্ষার্থী একই শ্রেণিকক্ষে প্রয়োজন অনুযায়ী সহায়তা পায়, সেটিই অন্তর্ভুক্তিমূলক শিক্ষা।

**প্রশ্ন – অন্তর্ভুক্তিমূলক শিক্ষার দুটি নীতি লেখো। (Write two principles of inclusive education.)**

✪ উত্তর – অন্তর্ভুক্তিমূলক শিক্ষার দুটি নীতি হল –

- সমান সুযোগের নীতি, যেখানে সব শিক্ষার্থীকে শেখার সুযোগ দেওয়া হয়।
- ব্যক্তিগত পার্থক্যকে সম্মান করা এবং সেই অনুযায়ী সহায়তা প্রদান।

**প্রশ্ন – আধুনিক সমাজে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার দুটি গুরুত্ব লেখো। (Write two importance of inclusive education in today's society.)**

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

### সাম্মানিক (অর্নাস/মেজর) ও সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

### সেমিস্টার – 5th

# শিক্ষায় অন্তর্ভুক্তিকরণ (Inclusion in Education)

## সাজেশন

1. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও - ৩x১০ = ৩০

- অন্তর্ভুক্তি বলতে কী বোঝায়? অন্তর্ভুক্তিমূলক শিক্ষার মূল নীতিগুলি আলোচনা করো। (Discuss the Principles of inclusive education.)
- বর্তমান সমাজে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার গুরুত্ব আলোচনা করো। (Discuss the Importance of inclusive education in today's society.)
- ভিন্নভাবে সক্ষম শিশু বা বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রকারভেদ আলোচনা করো। (Discuss the types of differently abled children.)

সম্পূর্ণ সাজেশনসহ Pdf বইটি পেতে এখনি আমাদের অফিশিয়াল ওয়েবসাইটে ভিজিট করুন।

✪eBook Official Website - store.edubitan.com

- দৃষ্টিপ্রতিবন্ধকতার সংজ্ঞা দাও। দৃষ্টি প্রতিবন্ধকতার সমস্যাগুলি ব্যাখ্যা করো। (Define Visual Impairment. Explain the problem of Visual Impairment.)
  অথবা, ব্যহত দৃষ্টিসম্পন্ন শিশুদের সমস্যাগুলি লেখো। (Write about five problems faced by visually impaired children.)
- তপশিলি জাতি ও তপশিলি উপজাতি কাদের বলা হয়? এদের সামাজিক অন্তর্ভুক্তিকরণে শিক্ষার ভূমিকা লেখো। (Who are known as the Scheduled Castes and Scheduled Tribes? Write about the role of education in their social inclusion.)
- অর্ন্তভুক্তিমূলক বিদ্যালয় বলতে কী বোঝো? একটি অর্ন্তভুক্ত শ্রেণীকক্ষ তৈরির জন্য কী কী প্রয়োজন? (What do you mean by Inclusive school? What are the requirements for creating an inclusive classroom?) ২+৮